# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিজ্ঞপ্তি নং-০৬/২০২৫

বন্দর ভবন-৪১০০

www.cpa.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী শূন্য পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল জাঃবেঃস্কেল/২০১৫ | ০৬/০১/২০২৬ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | পরিবহন কর্মকর্তা | ০২ | টাঃ ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ৩২ বৎসর | (ক) প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) কার্গো হ্যান্ডলিং অপারেশন এবং শিপিং ইত্যাদি কাজে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২। | প্রভাষক (অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) | ০১ | টাঃ ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) | ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। |
| ৩। | সহকারী শিক্ষক/ শিক্ষিকা (মানবিক/ বিজ্ঞান/বাণিজ্য) | ০২ | টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ৩২ বৎসর | (ক) সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(খ) বিএড/এমএড ডিগ্রী থাকিতে হইবে।<br>(গ) অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪। | ক্ল্যাসিক্যাল শিক্ষক | ০১ | টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ৩২ বৎসর | (ক) এমএ/কামিল পাস।<br>(খ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫। | অংকন শিক্ষক/ অংকন শিক্ষিকা | ০১ | টাঃ ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ৩২ বৎসর | (ক) চারুকলা ডিপ্লোমা সনদসহ উচ্চ মাধ্যমিক পাস। স্নাতক (চারুকলা) ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(খ) সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |

কালের কণ্ঠ

**আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ**

১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট cpadigital.gov.bd/jobs-তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে।

২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর 300X300 রেজুলেশনে সর্বোচ্চ ১০০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং 300X80 রেজুলেশনে সর্বোচ্চ ৬০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে স্বাক্ষর আপলোড করতে হবে।

৩। অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর pay now অপশনে ক্লিক করে প্রার্থীকে অন-লাইনে ফি জমা দিতে হবে। ০১, ০২ ও ০৩ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা; ০৪ ও ০৫ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি ১৫০ (একশত পঞ্চাশ) টাকা।

৪। প্রার্থীদের অন-লাইন আবেদনের কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৫। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর ওয়েব সাইটের (www.cpa.gov.bd) মাধ্যমে এবং মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে যথাসময়ে নিয়োগ পরীক্ষার সময়সূচী জানানো হবে। প্রার্থীগণ cpadigital.gov.bd/jobs ওয়েব সাইটে লগ-ইন করে পরীক্ষার প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ করবেন। ডাকযোগে কোন প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না।

৬। কেবল আবেদন দাখিল করা কোন প্রার্থীর চাকুরীর নিশ্চয়তা/অধিকার প্রদান করে না। নিয়োগের ক্ষেত্রে কোটা বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন/নির্দেশনা প্রযোজ্য হবে।

৭। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ না দর্শিয়ে যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৮। অন-লাইনে আবেদন গ্রহণ শুরুর সময়ঃ ০৭/১২/২০২৫ খ্রিঃ সকাল ১০-০০টা।

৯। অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময়ঃ ০৬/০১/২০২৬ খ্রিঃ রাত ১২-০০টা।

১০। অন-লাইনে ফি জমাদানের শেষ তারিখঃ ০৭/০১/২০২৬ খ্রিঃ।

৩০/১১/২০২৫

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

পিএফ-১১২৯-১৫৬/২৫ (৯×৩)